

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৬, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা।

প্রজ্ঞাপন

তারিখ : ০৭ আগস্ট ২০২২

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.১৬১.১৬-৯৩৪—যেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল মান্নান বগুড়া জেলাধীন কাহালু পৌরসভার মেয়র; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-১০, তারিখ : ১৩-০৮-২০২১ জি. আর ৮৬/২১(কাহালু) নং মামলায় আপনি একজন আসামী এবং উক্ত মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট গৃহীত হয়েছে;

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা অনুযায়ী, “যেক্ষেত্রে কোনো পৌরসভার মেয়র অথবা কোনো কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারি মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে”;

সেহেতু, আপনি জনাব মোঃ আব্দুল মান্নান, মেয়র, কাহালু পৌরসভা, বগুড়া-কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ফারজানা মান্নান
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫০৩৭)

মূল্য : টাকা ৪.০০